দৈনিক ইনকিলাব

তারিখ 14 NOV 1989
পৃষ্ঠা 4

03

# উপজেলা পরিক্রমা

## ঘিওর

আরিচা, ১৪ নভেম্বর (সংবাদদাতা)।— মানিকগঞ্জ জেলার পশ্চিমে শিবালয় উপজেলার উত্তরে ধলেশ্বরী শাখা নদীর তীরে অবস্থিত ঘিওর উপজেলা। দেশের ৪৬০টি উপজেলার মধ্যে এটি অনুন্নত। ১৪৫ বর্গ কিঃ মিঃ এলাকায় লোকসংখ্যা ১০৯১৩৭ জন। এর মধ্যে পুরুষের সংখ্যা ৫৪৬৯৩ জন এবং মহিলার সংখ্যা ৫৪৪৪৫ জন। উপজেলায় ৭টি ইউনিয়ন পরিষদের মোট ১৫৪টি গ্রাম রয়েছে। ১৬৯টি মৌজায় ১৯৩৮৬টি পরিবারের বাস। এ উপজেলায় ৬১৪৫৪ জন ভোটারের মধ্যে ৩০৮৫১ জন পুরুষ এবং ৩০৬০৩ জন মহিলা।

এ উপজেলায় ১টি স্বাস্থ্য কমপ্লেক্স, ৩টি ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র এবং ৪টি ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্র রয়েছে। উন্নতমানের কোন চিকিৎসা হয় না। ওষুধ সংকট লেগেই আছে।

**শিক্ষা**

এ উপজেলায় শিক্ষার হার ১৩%। এখানে ২টি কলেজ, ১০টি হাইস্কুল, ২টি জুনিয়র হাই স্কুল, ১টি সিনিয়র মাদ্রাসা, ৫২টি ফোরকানিয়া মাদ্রাসা, ১০৮টি মসজিদ, ৭১টি মন্দির রয়েছে। কলেজ দু'টোতে এবং হাইস্কুলগুলোতে অর্থাভাবে আসবাবপত্র, কমনরুম, খেলাধুলার সরঞ্জামের অভাব লেগেই আছে। এখানে কোন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান নেই। প্রাইমারী স্কুলগুলোতে বেঞ্চ ও আসবাবপত্রের অভাবে ছাত্রদের লেখাপড়া বিঘ্নিত হচ্ছে।

**যোগাযোগ**

রাজধানীর সাথে যোগাযোগের ক্ষেত্রে ঘিওর-বরংগাইল সড়ক উল্লেখযোগ্য। এ উপজেলায় পাকা রাস্তা ১৪৪৯ কিঃ মিঃ ও কাঁচা রাস্তা ১৯৬৪২ কিঃ মিঃ। ৭টি ইউনিয়নের সঙ্গে যোগাযোগ হয় পায়ে হেঁটে অথবা ঘোড়ার গাড়ীতে। একটু বৃষ্টি হলেই পায়ে চলার উপায় থাকে না।

**কৃষি**

এ উপজেলার মোট জমির পরিমাণ ৩৫৮৪০ একর। আবাদী জমি ২৭০৫০ একর, অনাবাদী ৮৭৯০ একর। এর মধ্যে একফসলী ১৫০০ একর, দু'ফসলী ২৪৮৫০ একর, তিন ফসলী ৭০০ একর। সেচভুক্ত জমির পরিমাণ ৪০৫০ একর। গভীর নলকূপ ৪টি, অগভীর ১৩৫টি, লোলিফ্‌ট পাম্প ৮টি। প্রতি বছর কীট-পতঙ্গের আক্রমণে কীটনাশক সংকটে শস্য উৎপাদনে ব্যাঘাত সৃষ্টি হয়। উপজেলায় খাদ্য উৎপাদন ৫ লাখ ১৪ হাজার মণ, মোট চাহিদার পরিমাণ ৬৬৭৬৬০ মণ, খাদ্য ঘাটতি ১৫৩৬৬০ মণ। এখানে খাদ্য বিভাগের ৩টি এবং জেলা পরিষদের ২টি মোট ৫টি খাদ্য গুদাম রয়েছে। এখানে তরিতরকারি প্রচুর জন্মে।

**হাট-বাজার**

উপজেলায় হাট-বাজার মোট ১২টি, ডাকঘর ১১টি ও ব্যাংক ৪টি। হাট-বাজারগুলো সংস্কার ও সম্প্রসারণ না করায় হাটুরেদের দুর্ভোগ সীমাহীন।

**সংগঠন**

এ উপজেলায় মোট ক্লাবের সংখ্যা ৭টি। কৃষক সমবায় সংগঠন ৩০টি, মহিলা সংগঠন ৫টি, দুগ্ধজাত সংগঠন ১০টি, মৎস্যজীবী ৭টি, তাঁতী ৭টি, ভূমিহীন ৩টি। খেলাধুলার দিক দিয়ে এ উপজেলা বেশ অগ্রগামী।